ভাইকে নদীর জলে ফেলে দিল সৎ দাদা

অমিতকুমার ঘোষ
কৃষ্ণনগর, ২৩ মার্চ

জন্মদিনের কেক কেনার নাম করে পাঁচ বছরের ভাইকে নিয়ে বেরিয়ে নদীর জলে ফেলে দিল সৎ দাদা। ঘটনাটি ঘটেছে নদিয়ার নবদ্বীপে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ পাঁচ বছরের ওই শিশু পুত্রের সন্ধানে ভাগীরথী নদীর জলে তল্লাশি চালাচ্ছে। এদিন ডুবুরিও নামিয়েছে। তবে এখনও পর্যন্ত ওই শিশুর কোনও খোঁজ যায়নি। অভিযুক্ত সৎ দাদাও পলাতক। নবদ্বীপের চরব্রহ্মপুর গ্রামের জয়দেব বিশ্বাসের সঙ্গে বিয়ে হয়েছিল বন্দনা বিশ্বাসের। তাদের একটি পাঁচ বছরের শিশু পুত্র আছে। বন্দনার এটি দ্বিতীয় বিয়ে। তার প্রথম পক্ষের স্বামী মারা গিয়েছেন। পরে তিনি দ্বিতীয় বিয়ে করেন। প্রথম পক্ষে তাঁর একটি পুত্র সন্তান আছে। তার নাম সুমন দত্ত। সুমন পূর্ব বর্ধমানের গুপ্তিপাড়ায় থাকে। সেখান থেকে সে শনিবার চরব্রহ্মপুরে এসেছিল। ওই দিন তার জন্মদিন ছিল। জন্মদিনের কেক কেনার নাম করে সে ভাইকে নিয়ে বেরোয়। স্বরূপগঞ্জ ঘাটে গিয়ে সে ভাগীরথী নদী পেরিয়ে নবদ্বীপ শহরে যাওয়ার জন্য ভাইকে নিয়ে নৌকোয় ওঠে। নবদ্বীপের ঘাটে নৌকো পৌঁছানোর ঠিক আগেই সে ভাইকে নদীর জলে ফেলে দিয়ে নৌকা থেকে লাফিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ। এ বিষয়ে পরিবারের পক্ষে নবদ্বীপ থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিস তারপর থেকে বিভিন্ন জায়গায় অভিযুক্ত সুমন দত্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

নবদ্বীপ

দুধ ভেবে বিষ খেয়ে মৃত্যু শিশুকন্যার

আজকালের প্রতিবেদন
মেদিনীপুর, ২৩ মার্চ

ক্ষীরপাইয়ের কাশীগঞ্জ এলাকায় দুধ ভেবে কীটনাশক খেয়ে মৃত্যু এক শিশুকন্যার। আরেক জন কলকাতার পিজি হাসপাতালে চিকিৎসাধীন। পশ্চিম মেদিনীপুর ক্ষীরপাই পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের কাশীগঞ্জ এলাকার ঘটনা। কাশীগঞ্জ এলাকার আরুশি দাস (৫) এবং পাশের চন্দ্রকোনা–১ ব্লকের মনোহরপুর গ্রাম–পঞ্চায়েতের বেড়াবেড়িয়া গ্রামের নিশু দাস (৩) একে অন্যের খেলার সঙ্গী ছিল। নিশু প্রতিদিন আরুশিদের বাড়ির উঠোনে খেলা করত।

শনিবার বিকেলে আরুশি ও নিশু বাড়ির উঠোনে খেলার সময় একটি কৌটো দেখে ভাবে এতে গুঁড়ো দুধ আছে। কাপে জলের মধ্যে তা ঢেলে দেয়। দেখতে তখন সেটা সাদা দুধের মতো দেখায়। সেই সময় তারা দুধ ভেবে বিষ–মিশ্রিত জল দু'জনে ভাগাভাগি করে খেয়ে নেয়। সেই সময় বাড়িতে কেউ ছিলেন না। কিছুক্ষণ পরে তাদের মধ্যে একজন বমি করতে থাকে। বিষয়টি জানতে পেরে তাদের পরিবারের লোকেরা দ্রুত চন্দ্রকোনা গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। রেফার করা হয় ঘাটাল সুপার স্পেশ্যালিটি হাসপাতালে। সেখান থেকে আবার মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকেও রেফার করা হয় কলকাতার পিজি হাসপাতালে। সেখানে শনিবার রাতে আরুশি দাস মারা যায়। নিশু দাস চিকিৎসাধীন রয়েছে পিজি হাসপাতালে। এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।



ইদ উপলক্ষে প্রায় দুই হাজার মানুষকে নতুন বস্ত্র উপহার দিলেন মন্ত্রী বেচারাম মান্না। রবিবার সিঙ্গুর পঞ্চায়েত সমিতির হলে। রয়েছেন হরিপালের বিধায়ক ডাঃ করবী মান্না। ছবি: পার্থ রাহা

ঝাড়খণ্ডে মাওবাদী হানা, মৃত গোয়ালতোড়ের জওয়ান

বুদ্ধদেব দাস
মেদিনীপুর , ২৩ মার্চ

মাওবাদীদের পেতে রাখা ফাঁদে পা দিয়ে প্রাণ গেল সিআরপিএফ জওয়ানের। শনিবার বিকেলে, কর্তব্যরত অবস্থাতেই ঝাড়খন্ডের পশ্চিম সিংভূম জেলার ছোটনাগরা থানা এলাকায় মাওবাদীদের পেতে রাখা আইইডি বিস্ফোরণে গুরুতর জখম হন পশ্চিমবঙ্গের বাসিন্দা দুই জন সিআরপিএফ জওয়ান। গুরুতর আহত অবস্থায় তাঁদের রাঁচির একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে মৃত্যু হয় পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ের গাছউপড়া গ্রামের বাসিন্দা সুনীলকুমার মণ্ডলের (৫৬)। গ্রামের বাড়িতে তাঁর স্ত্রী, এক ছেলে, এক মেয়ে ও বৃদ্ধ বাবা–মা রয়েছেন।

খবর পাওয়ার পর থেকেই শোকে পাথর বৃদ্ধ বাবা ক্ষুদিরাম মণ্ডল ও মা লক্ষ্মীরানি। স্ত্রী কথা বলার অবস্থায় নেই।

ছেলে বসন্ত ও মেয়ে শিউলি বলেন, 'শুক্রবার রাতে বাবার সঙ্গে মোবাইলে বাড়ির সকলেই কথা বলে। বাবা বলে, শনিবার একটা টার্গেট পয়েন্টে অপারেশন রয়েছে। এই অপারেশন সেরে ফেরার পর ছুটির আবেদন করবে। মে মাস নাগাদ বাড়ি আসতে পারে। তা শুনে সকলেই খুশি হয়। শনিবার সকালে ফোন করে জানায়, অপারেশনে বেরিয়ে পড়েছে। ফিরে এসে আবার ফোন করবে। আর ফোন আসেনি। তাঁরা বার বার ফোন করে। ফোন বেজে যায়। পরে সিআরপিএফ ১৯৩ ব্যাটালিয়নের পক্ষ থেকে বাড়িতে জানানো হয় বাবা জখম হয়েছে। চিকিৎসা চলছে। পরে জানতে পারি বাবা আরও কোনওদিন আমাদের কাছে ফিরবে না।' অন্যদিকে, অপর জওয়ান পার্থপ্রতিম দে এখনও চিকিৎসাধীন রয়েছেন রাঁচির ওই হাসপাতালেই।

বিজেপির কাছে কোনও দিনই ইস্যু ছিল না: রচনা

মিল্টন সেন
হুগলি, ২৩ মার্চ

বিজেপির কাছে কোনও দিনই কোনও ইস্যু ছিল না। এখনও নেই। আগামী দিনেও থাকবে না। রবিবার পোলবার পাউনানে রক্তদান শিবিরে যোগ দিতে এসে এই মন্তব্য সাংসদ রচনা ব্যানার্জির। তিনি বলেন, 'বিগত কয়েক দিন ধরে বিজেপি হিন্দুত্বের প্রচার করছে। ওরা জাত–ধর্মের ভেদাভেদে বিশ্বাসী। কিন্তু সবার ওপরে মানুষ সত্য, তার ওপরে কিছু নেই। রক্তের কোনও ধর্ম হয় না। রক্তদান শিবিরে যাঁরা রক্ত দিচ্ছেন, তাঁদের কি জাত–ধর্ম দেখা হচ্ছে? ওদের কাছে জাত–ধর্ম ছাড়া আর কোনও ইস্যু নেই। রুপোলি পর্দায় ফেরা প্রসঙ্গে সাংসদ বলেন, 'এখন সময় নেই। আগামী দিনে কী হবে বলতে পারছি না।'

দীর্ঘ সময় পর সম্প্রতি অভিনয় জগতে ফিরেছেন তৃণমূল সাংসদ শতাব্দী রায়। অভিনয় করছেন মেদিনীপুরের সাংসদ জুন মালিয়া। ঘাটালের সাংসদ দেব রীতিমতো ব্যস্ত সিনেমা নিয়ে। কিন্তু দীর্ঘ সময় হয়ে গেল, সিনেমা জগৎ থেকে অনেকটা দূরে রয়েছেন হুগলির সাংসদ রচনা ব্যানার্জি। এক সময় প্রসেনজিতের সঙ্গে তার জুটি রীতিমতো হিট ছিল। তারপর ওড়িশার সিনেমায় চুটিয়ে কাজ করেছেন। একাধিক কাজ করেছেন হিন্দি এবং দক্ষিণী ছবিতেও। তবে সাংসদ হওয়ার আগে থেকেই দীর্ঘ বিরতি নিয়েছেন সিনেমা থেকে। বর্তমানে একটি জনপ্রিয় টেলিভিশন শো হোস্ট করছেন। সেই কাজেই ব্যস্ত থাকেন। পাশাপাশি সাংসদ হিসেবেও ব্যস্ততা রয়েছে তাঁর। তাই ইচ্ছে থাকলেও হয়তো উপায় নেই। এদিন পোলবার রক্তদান শিবিরে যোগ দিতে এসে পুনরায় রুপোলি পর্দায় ফেরা প্রসঙ্গে পরিষ্কার জানালেন, এখন একেবারেই সময় নেই। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির লন্ডন সফর প্রসঙ্গে রচনা বলেন, 'দিদি যখন গেছেন, তখন বড় কিছু খবর হতে চলেছে। ফিঙ্গারস ক্রসড। আমরা পজিটিভ তথ্যে বিশ্বাস করি।' এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি জেলা পরিষদের সভাধিপতি রঞ্জন ধারা, হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি তথা চাপদানির বিধায়ক অরিন্দম গুইন প্রমুখ।

যূকো বঁক UCO BANK (A Govt. of India Undertaking) | **জোনাল অফিস, শিলিগুড়ি** হিল কার্ট রোড, শিলিগুড়ি–৭৩৪০০১ | **ই–নিলাম বিজ্ঞপ্তি**

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই–নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি
ই–নিলামের তারিখ: ৩০.০৪.২০২৫

৩০.০৪.২০২৫ তারিখে দুপুর ১টা থেকে বিকেল ৫টার মধ্যে প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে https://www.baanknet.com ওয়েব পোর্টালের মাধ্যমে ই–নিলাম আয়োজিত হবে।
ইএমডি এবং নথিপত্র জমার শেষ তারিখ ও সময়: ৩০.০৪.২০২৫, দুপুর ১২টা পর্যন্ত

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তি(সমূহ) বিক্রির ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক গঠনমূলক/ বাস্তবিক দখল [নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির বর্ণনার পাশে প্রযোজ্যমতো দখলের প্রকৃতি উল্লেখ করা হয়েছে] নিয়েছেন এবং এই ব্যাঙ্কের বকেয়া পুনরুদ্ধারের জন্য উক্ত সম্পত্তিগুলি **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে ৩০.০৪.২০২৫ তারিখে বিক্রি করা হবে।

স্থাবর / অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ

ক্রম নং	ব্রাঞ্চের নাম এবং অ্যাকাউন্টের নাম	সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম	ক) বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ	সংরক্ষণ মূল্য / ইএমডি / বিড বাড়ানোর মূল্য	পরিদর্শনের তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
১.	**ব্রাঞ্চ:** কোচবিহার (০৮২৮) **অ্যাকাউন্টের নাম:** মেসার্স দেব এন্টারপ্রাইজ **প্রোপ্রাইটর:** মিঃ বিপ্রজিৎ দেব **জামিনদার:** মিসেস শাল্মলী ভট্টাচার্য **অ্যাকাউন্ট নম্বর:** ০৮২৮০৫১০০০০৩৯৭ **ব্রাঞ্চ ম্যানেজার:** উজ্জ্বল মুখার্জি **যোগাযোগ:** ৭৬০২৯৯০৪৫০	সামান্য কমবেশি ২ কাঠা জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এর ওপর নির্মিত 'মনে রেখো' নামক জি+২ তলবিশিষ্ট বিল্ডিংয়ের প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) সামান্য কমবেশি ১১৯৪ বর্গফুট মাপের একটি আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: ঘোষপাড়া রোড, ওয়ার্ড নং ১৬, কোচবিহার পুরসভা, সম্পত্তিটি এরূপে চিহ্নিত: হোল্ডিং নং ৩৮১, সদর কোচবিহারের এলাকাধীন, পোঃঅঃ– কোচবিহার, থানা– কোতোয়ালি, জেলা– কোচবিহার, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন–৭৩৬১০১, সম্পত্তিটি শহর কোচবিহার মৌজার অন্তর্গত, জে এল নং ১৩০, খতিয়ান নং ১৪৩৮৭, প্লট নং ১০৮৯১। ১৩.০৪.২০০৫ তারিখের দলিল নং I–৯১৬ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী শ্রী বিপ্রজিৎ দেব। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– হাসি সাহার বাড়ি; দক্ষিণ– রঞ্জিত চ্যাটার্জির বাড়ি; পূর্ব– নির্মল বাবুর বাড়ি; পশ্চিম– ১০ ফুট চওড়া পুর–রাস্তা। **[সম্পত্তিটি ব্যাঙ্কের বাস্তবিক দখলে রয়েছে]**	**ক)** ₹৩৯,৭৭,৭০০.৬২ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ)** ১৩.০৯.২০১৭ **গ)** ১৬.১২.২০১৭	₹২১,৪৩,০০০.০০ ₹২,১৪,৩০০.০০ ₹৫,০০০.০০	২৬.০৩.২০২৫ সকাল ১১টা থেকে ২৯.০৪.২০২৫ বিকেল ৪টা পর্যন্ত	৩০.০৪.২০২৫ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত
২.	**ব্রাঞ্চ:** কোচবিহার (০৮২৮) **অ্যাকাউন্টের নাম:** মেসার্স দেব মেডিক্যাল এজেন্সি **প্রোপ্রাইটর:** প্রয়াত মিঃ অভিজিৎ দেব **প্রয়াত ঋণগ্রহীতার আইনি উত্তরাধিকারীগণ:** ১. মিঃ মণীন্দ্রনাথ দেব ২. মিসেস অর্চনা দেব ৩. মিসেস শর্মিলা দেব ৪. মিস অভিশিখা দেব **জামিনদার:** মিঃ বিপ্রজিৎ দেব **অ্যাকাউন্ট নম্বর:** ০৮২৮০৫১০০০০৩৯৭ **ব্রাঞ্চ ম্যানেজার:** উজ্জ্বল মুখার্জি **যোগাযোগ:** ৭৬০২৯৯০৪৫০	সামান্য কমবেশি ২ কাঠা জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এর ওপর নির্মিত একটি জি+২ তলবিশিষ্ট বিল্ডিংয়ের তৃতীয় তলে (সেকেন্ড ফ্লোর) সামান্য কমবেশি ২২৫ বর্গফুট সুপির বাল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি টিন–আচ্ছাদিত এলাকা ও সামান্য কমবেশি ৯৬৯ বর্গফুট উন্মুক্ত জায়গার অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: ঘোষপাড়া রোড, ওয়ার্ড নং ১৬, কোচবিহার পুরসভা, সম্পত্তিটি এরূপে চিহ্নিত: হোল্ডিং নং ৩৮৩, সদর কোচবিহারের এলাকাধীন, পোঃঅঃ– কোচবিহার, থানা– কোতোয়ালি, জেলা– কোচবিহার, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন–৭৩৬১০১, সম্পত্তিটি শহর কোচবিহার মৌজার অন্তর্গত, জে এল নং ১৩০, খতিয়ান নং ১৪৩৮৮, প্লট নং ১০৮৯১। ১৩.০৪.২০০৫ তারিখের দলিল নং I–৯১৫ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী শ্রী অভিজিৎ দেব। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– হাসি সাহার বাড়ি; **দক্ষিণ**– রঞ্জিত চ্যাটার্জির বাড়ি; **পূর্ব**– নির্মল বাবুর বাড়ি; **পশ্চিম**– ১০ ফুট চওড়া পুর–রাস্তা। **[সম্পত্তিটি ব্যাঙ্কের বাস্তবিক দখলে রয়েছে]**	**ক)** ₹৩৮,১০,৭৭৫.১৩ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ)** ১৬.১০.২০১৭ **গ)** ১৬.১২.২০১৭	₹১৩,১১,০০০.০০ ₹১,৩১,১০০.০০ ₹৫,০০০.০০	২৬.০৩.২০২৫ সকাল ১১টা থেকে ২৯.০৪.২০২৫ বিকেল ৪টা পর্যন্ত	৩০.০৪.২০২৫ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত
৩.	**ব্রাঞ্চ:** রায়পুর বীরভূম (১৭১০) **অ্যাকাউন্টের নাম:** মিঃ সোমনাথ ঘোষ **জামিনদার:** মিসেস বন্দনা ঘোষ **অ্যাকাউন্ট নম্বর:** ১৭১০০৬১০০০৭১৫০ **ব্রাঞ্চ ম্যানেজার:** মৃণাল চন্দ্র নাগ **যোগাযোগ:** ৮৬৩৮৯৬৪৬৩৪	উপরিস্থিত একতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৫.৩৯ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: হোল্ডিং নং ১৮৯/৯/ক/০১, মকরামপুর, পোঃঅঃ ও থানা– বোলপুর, ওয়ার্ড নং ০১ (১৪), জেলা– বীরভূম, পিন–৭৩১২০৪, রাজ্য– পশ্চিমবঙ্গ, মৌজা– বোলপুর, জে এল নং ৯৭, প্লট নং– এল আর ১/৭৭২, খতিয়ান নং– এল আর ৬০৬৯। ১০.০৪.২০১৮ তারিখের দলিল নং I–৩১৩৬ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারিণী শ্রীমতী বন্দনা ঘোষ, স্বামী– মিলন ঘোষ। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা, তারপরে বন্ধুমহল দুর্গা মন্দির; **দক্ষিণ**– মিঃ কাশীর ফাঁকা জমি; **পূর্ব**– বাবলু ঘোষের বাড়ি এবং যৌথ পরিসর; **পশ্চিম**– রেলওয়ের সম্পত্তি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]**	**ক)** ₹১৫,১১,১৪২.০০ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ)** ০৫.০৯.২০২৪ **গ)** ০২.১২.২০২৪	₹১৮,২৩,০০০.০০ ₹১,৮২,৩০০.০০ ₹৫,০০০.০০	২৬.০৩.২০২৫ সকাল ১১টা থেকে ২৯.০৪.২০২৫ বিকেল ৪টা পর্যন্ত	৩০.০৪.২০২৫ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত
৪.	**ব্রাঞ্চ:** ফরাক্কা (১৩৪৩) **অ্যাকাউন্টের নাম:** মেসার্স মডার্ন অন্ত্রেপ্রেনিওর **প্রোপ্রাইটর:** মিঃ জগদীশচন্দ্র মণ্ডল **জামিনদার:** মিসেস উৎপলা মণ্ডল **অ্যাকাউন্ট নম্বর:** ১৩৪৩০৫০০০০০৭১০ **ব্রাঞ্চ ম্যানেজার:** দুর্বাদল সাহু **যোগাযোগ:** ৮৩২৯২৩০৩৮৩	উপরিস্থিত একতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৮.৬৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: গ্রাম– যোগেশ্বরপুর, পোঃঅঃ– বেনিয়াগ্রাম, থানা– ফরাক্কা, জেলা– মুর্শিদাবাদ, পিন–৭৪২২১২, রাজ্য– পশ্চিমবঙ্গ, মৌজা– শ্রীমন্তপুর, জে এল নং ৩৬, এল আর দাগ নং ২৬৮০, আর এস দাগ নং ৪৭১৬, এল আর খতিয়ান নং ৭৫৩, আর এস খতিয়ান নং ৯৮১। ২০০০ সালের দলিল নং I–৪১০৫ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী শ্রী জগদীশচন্দ্র মণ্ডল, পিতা– প্রয়াত কৈলাশচন্দ্র মণ্ডল। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– রাস্তা; **দক্ষিণ**– অন্যের সম্পত্তি; **পূর্ব**– অন্যের সম্পত্তি; **পশ্চিম**– অন্যের সম্পত্তি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]**	**ক)** ₹৯,৩১,০৫১.০০ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ)** ১৭.০৪.২০১৪ **গ)** ১১.০৮.২০১৫	₹২৪,৭১,০০০.০০ ₹২,৪৭,১০০.০০ ₹১০,০০০.০০	২৬.০৩.২০২৫ সকাল ১১টা থেকে ২৯.০৪.২০২৫ বিকেল ৪টা পর্যন্ত	৩০.০৪.২০২৫ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত
৫.	**ব্রাঞ্চ:** শিলিগুড়ি (০২১০) **অ্যাকাউন্টের নাম:** মিঃ রাজকুমার রবিদাস এবং মিসেস চন্দ্রাণী রবিদাস **অ্যাকাউন্ট নম্বর:** ০২১০০৬১০০০৬৫৯৭ **ব্রাঞ্চ ম্যানেজার:** দিবস মজুমদার **যোগাযোগ:** ৯৭৭৪৪৪৩৫২৭	উপরিস্থিত একতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ২ কাঠা বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: পঞ্চকালগুড়ি, সাউথ কলোনি, ভালোবাসা মোড় বা ডাঃ অলক ঘোষ মোড়ের কাছে, ফুলবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পোঃঅঃ– সাহুডাঙ্গি হাট, থানা– এনজেপি, জেলা– জলপাইগুড়ি, রাজ্য– পশ্চিমবঙ্গ, পিন–৭৩৫১৩৫, মৌজা– ডাবগ্রাম, জে এল নং ২, প্লট নং ১২৭, খতিয়ান নং ২০০০ (দলিল মোতাবেক), ৩০৯/১ (আর এস) (মিউটেশন অনুসারে)। ০৪.১২.২০০৯ তারিখের দলিল নং I–৩৮৬১ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী মিঃ রাজকুমার রবিদাস, পিতা– প্রয়াত ভরত রবিদাস। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর**– জিতু দুবের জমি ও বাড়ি; **দক্ষিণ**– রাস্তা; **পূর্ব**– শ্রীমতী শকুন্তলা রবিদাসের জমি ও বাড়ি; **পশ্চিম**– কানু কৌরির জমি ও বাড়ি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]**	**ক)** ₹৮,৬৫,৯১৫.০০ + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ)** ২৮.০১.২০১৫ **গ)** ২৮.০৫.২০১৫	₹১৮,২৫,০০০.০০ ₹১,৮২,৫০০.০০ ₹১০,০০০.০০	২৬.০৩.২০২৫ সকাল ১১টা থেকে ২৯.০৪.২০২৫ বিকেল ৪টা পর্যন্ত	৩০.০৪.২০২৫ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত

শর্ত ও নিয়মাবলি:
১. এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষ হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলি নিম্নলিখিত ওয়েবসাইট/ ওয়েব পোর্টালে দেওয়া আছে: https://www.baanknet.com.
২. সম্পত্তিগুলি 'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
৩. ওপরের তফসিলে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বশেষ ও সেরা জ্ঞান ও তথ্যানুসারে দেওয়া হয়েছে। তবে, এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে বাধ্য থাকবেন না।
৪. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) নিলামের তারিখেই এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে আদায় দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক অনুমোদিত আধিকারিক বাজেয়াপ্ত করবেন এবং এই নিলাম বাতিল করে নতুন নিলাম আয়োজনের পূর্ণ স্বাধীনতা অনুমোদিত আধিকারিকের থাকবে।
৫. ইউআরএল: **https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা এই বিক্রি **৩০.০৪.২০২৫ তারিখে আয়োজিত হবে এবং তা দুপুর ১টায় শুরু হবে।**
৬. প্রতিনিধি নিয়োগ এবং এই নিলামে নিজেদের জন্য বিড করা ও অংশ নেওয়ানোর অধিকার এই ব্যাঙ্কের থাকবে।

তারিখ: ২৪.০৩.২০২৫
স্থান: শিলিগুড়ি

চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক
ইউকো ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)

মেদিনীপুরে সমবায়ে জয়ী তৃণমূল

আজকালের প্রতিবেদন
মেদিনীপুর, ২৩ মার্চ

রবিবার মেদিনীপুর পিপলস কো–অপারেটিভ ব্যাঙ্কের পরিচালন সমিতির নির্বাচনে ৪টি আসনে নির্বাচন হয়।

এর আগে ফেব্রুয়ারি মাসে মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় ৫১টি আসনের সবকটি আসনে তৃণমূল প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিলেও বিরোধী দলের কোনও প্রার্থী মনোনয়ন পত্র জমা দিতে পারেননি। পরে কলকাতা হাইকোর্টের নির্দেশে বামফ্রন্টের ৪ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা দেন। সেই ৪টি আসনে নির্বাচন হয় রবিবার। বিকেলে ফলাফল ঘোষণা হওয়ার পর দেখা যায় ওই ৪টি আসনে বিপুল ভোটে জয়ী হয়েছেন তৃণমূল প্রার্থীরা।

তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক আশিস চক্রবর্তী জানান, মানুষ তাঁদের পাশে রয়েছেন। ইতিমধ্যেই ৪৭টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় তাঁরা জয়ী হয়েছেন, এদিন আরও ৪টি আসনে জয়ী হয়েছেন তৃণমূল প্রার্থীরা। সব মিলিয়ে ৫১টি আসনেই জয়ী হলেন তাঁরা। এটা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির জয়। মুখ্যমন্ত্রী সমবায় ব্যাঙ্কগুলির জন্য প্রচুর কাজ করেছেন।

বাড়িতে প্রসব, প্রতিবাদ করায় আক্রান্ত আশাকর্মী

গৌতম চক্রবর্তী

সচেতন করা সত্ত্বেও বাড়িতে সন্তান প্রসব করেন এক প্রসূতি। আর সেই ঘটনার প্রতিবাদ করায় এক আশাকর্মীর ওপর আক্রমণ করার অভিযোগ উঠেছে এক দম্পতির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বারুইপুর থানার নবগ্রাম গ্রাম পঞ্চায়েতের হিমচি গ্রামে। ঘটনাকে ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। আক্রান্ত ওই আশাকর্মী বারুইপুর থানায় অভিযোগ দায়ের করেছেন বলে জানা গেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। আক্রান্ত আশাকর্মীর নাম রোজিনা বিবি। হিমচি গ্রামের একটি সাব–সেন্টারে কাজ করেন রেজিনা। স্থানীয় মানুষ ও পুলিশ সূত্রে জানা গেছে, ওই এলাকার গর্ভবতী মহিলাদের হাসপাতালে নিয়ে যাওয়া, বাড়ি বাড়ি গিয়ে তাঁদের খোঁজখবর নেওয়া, সরকারি সুযোগ সুবিধার বিষয়ে তাঁদের সচেতন করা প্রভৃতি কাজ করে থাকেন রেজিনা। এলাকার কোনও মহিলা যাতে বাড়িতে সন্তান প্রসব না করেন তার জন্য মানুষের কাছে প্রচারও করেন তিনি। কিন্তু তাঁর আবেদন উপেক্ষা করেই স্থানীয় এক মহিলা হাসপাতালে না গিয়ে নিজের বাড়িতেই সন্তান প্রসব করেন। আর তাতেই রোজিনা প্রতিবাদ করেন। তারই জেরে আক্রান্ত হতে হয়েছে তাঁকে বলে অভিযোগ। শুক্রবার তিনি এক গর্ভবতী মহিলাকে বারুইপুর মহকুমা হাসপাতালে ভর্তি করে আরও একজন গর্ভবতী মায়ের খোঁজ খবর নিতে যাচ্ছিলেন। সেই সময়েই সেরুন মণ্ডল ও তাঁর স্বামী নুরাইন মণ্ডল তাঁর উপর চড়াও হয় বলে অভিযোগ। এমনকি তাঁর মোবাইল ফোন এবং নগদ ৫ হাজার টাকা কেড়ে নেওয়া হয়েছে এবং বেশ কিছু গুরুত্বপূর্ণ কাগজ জলে ফেলে দেওয়া হয়েছে। এলাকার লোকজন ছুটে আসতেই দু'জনে চম্পট দেয় বলে অভিযোগ। আক্রান্ত আশাকর্মী রেজিনাকে চিকিৎসার জন্য বারুইপুর মহকুম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর বারুইপুর থানাতে গিয়ে তিনি লিখিত অভিযোগ দায়ের করেন।

খেলার মাঠে বাজ পড়ে মৃত্যু যুবকের

খেলার মাঠে বাজ পড়ে মৃত্যু হল এক যুবকের। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে পুরুলিয়ার হুড়া থানার বিষপুরিয়া গ্রামের অদূরে। পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, মৃত যুবকের নাম মিলন পতি (২৪)। বাড়ি বিষপুরিয়ায়। এদিন একটি ক্রিকেট ম্যাচ চলাকালীন বৃষ্টি নামে। সেই সময় বাজ পড়লে গুরুতর যখম হন মিলন। প্রথমে তাঁকে স্থানীয় হাসপাতালে ও পরে পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

পায়রা চুরির অপবাদে ২ ছাত্রকে মার

আজকালের প্রতিবেদন

গাছে বেঁধে সপ্তম শ্রেণির দুই ছাত্রকে বেধড়ক মারধর। এমনটাই অভিযোগ। পায়রা চুরির অপবাদে ওই দুই ছাত্রকে গাছে বেঁধে মারধর করার অভিযোগ উঠেছে বাবা ও ছেলের বিরুদ্ধে। অভিযুক্ত দু'জন ওই ছাত্রদের প্রতিবেশী। ঘটনায় আক্রান্ত দুই ছাত্র ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। তাদের পরিবার পুলিশে অভিযোগ দায়ের করেছেন। তদন্তে নেমে পুলিশ অভিযুক্ত বাবা ও ছেলে দু'জনকেই গ্রেপ্তার করেছে। স্থানীয় বাসিন্দা ও পুলিশ সূত্রে জানা গেছে, জীবনতলা থানার বাঁশড়া পঞ্চায়েতের পিয়ালি ছাঁটুইপাড়া। এই পাড়ারই বাসিন্দা সপ্তম শ্রেণির দুই ছাত্র। শনিবার বিকেলে টিউশন পড়তে গিয়েছিল তারা। সন্ধেয় বাড়িতে ফিরছিল ওই দুই ছাত্র। সেই সময় আদর্শপল্লীর রাস্তায় পায়রা ঘুরে–বেড়াতে দেখে ওই ছাত্ররা। দু'জনে পায়রা ধরার চেষ্টা করে। কিন্তু পায়রা ধরতে না পেরে বাড়িতে চলে আসে। কিন্তু আচমকাই সন্ধ্যা নাগাদ ওই দুই ছাত্রের বাড়িতে চড়াও হয় আদর্শপল্লীর বাসিন্দা ও দুই ছাত্রের প্রতিবেশী জয়ন্ত খাটুয়া ও তার ছেলে সায়ন খাটুয়া। দুই ছাত্রকে পায়রা চুরির অপবাদ দিয়ে বাড়ি থেকে তুলে নিয়ে যায়। অভিযোগ, এরপর একটি নারকেল গাছে দুই ছাত্রকে বেঁধে বেধড়ক মারধর করে বাবা ও ছেলে। ঘটনার খবর পেয়ে ঘুটিয়ারি শরীফ ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে যায়।

নন্দীগ্রামই ভরসা শুভেন্দুর!

যজ্ঞেশ্বর জানা
হলদিয়া, ২৩ মার্চ

বিজেপি ছেড়ে সদ্য তৃণমূলে যোগ দিয়েছেন হলদিয়ার বিধায়ক তাপসী মণ্ডল। তাঁর চলে যাওয়ার পর রবিবার প্রথম হলদিয়ায় মিছিল করল বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে এই মিছিল ভরাতে বাইরে থেকে লোক নিয়ে আসার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। কোলাঘাট এবং নন্দীগ্রাম থেকে বাস, ছোটগাড়িতে করে লোক নিয়ে আসা হয়েছিল বলে জানা গেছে। তা নিয়ে কটাক্ষ করতে ছাড়েনি তৃণমূল। এর আগে যাদবপুরে ইস্যুতে শুভেন্দু অধিকারীর মিছিলে নন্দীগ্রাম–সহ বিভিন্ন এলাকা থেকে লোক নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছিল। এদিন মঞ্চ থেকে ভাতা বিরোধী আওয়াজ তুলেও ডবল ভাতা দেওয়ার প্রতিশ্রুতি দেন শুভেন্দু অধিকারী।

তাপসী মণ্ডলকে হারানোরও হুঁশিয়ারি দিয়েছেন শুভেন্দু অধিকারী। এ নিয়ে পাল্টা প্রতিক্রিয়া দিয়েছেন তৃণমূলের তমলুক সাংগঠনিক জেলার সভাপতি অসিত ব্যানার্জি। তিনি বলেন, 'বিরোধী দলনেতা লক্ষ্মীর ভাণ্ডারের বিরুদ্ধে বলছেন। আবার বিজেপির সরকার হলে ৩ হাজার করে মহিলাদের মাসিকভাতার প্রলোভন দিচ্ছেন। যখন যা ইচ্ছে হচ্ছে বলে দিচ্ছেন। বিদ্বেষ, অসহিষ্ণুতাকে চাগিয়ে তুলছেন। এলাকার লোকজন সঙ্গে নেই। যেখানে যাচ্ছেন লোক ভাড়া করে নিয়ে যাচ্ছেন। এই তো ওঁর অবস্থা।'



ভারত সীমান্তে দেশমাতার যেসব বীর সন্তানরা দেশের অখণ্ডতা ও সমগ্র জাতির নিরাপত্তা রক্ষায় সদা জাগ্রত তাঁদের উদ্দেশে রবিবার বাগনান আদর্শ বালিকা বিদ্যালয়ে 'ডিজায়ার'-এর উদ্যোগে 'রক্ত সম্মাননা' শীর্ষক এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। কর্ণধার সৌরভ অধিকারী ও প্রোজেক্ট ডাইরেক্টর সুরজিৎ রাউত জানান, সংগৃহীত রক্ত ইস্টার্ন কমান্ড হসপিটালে ভারতের স্থলবাহিনী, বিমান বাহিনী ও নৌ বাহিনীর উদ্দেশ্যেই সংরক্ষিত থাকবে। রক্তদান শিবিরে মোট ১২৫ জন রক্ত দান করেন। মহিলা রয়েছেন ৩০ জন। তথ্য ও ছবি: সুপ্রতিম মজুমদার



রাজা পাট চাষ করে একর প্রতি অতিরিক্ত ১০ হাজার টাকা লাভের মুখ দেখছেন চাষিরা। লম্বায় সাধারণ পাটের চেয়ে অন্তত দু-ফুট বড় এবং আরও উন্নতমানের তন্তুর রাজা পাট নিয়ে গান বেঁধেছেন মাটির সংস্পর্শে থাকা শিল্পীরা। রাজ্যের বিভিন্ন জেলায় সাফল্যে খুশি পাটবীজের উদ্ভাবক সংস্থা নুজিভীডু সিডস। রাজ্যের নদিয়া, মুর্শিদাবাদ, মালদা এবং উত্তর ২৪ পরগনাতে রাজা পাটের ওপর 'সেলিব্রিটি মেগা ফিল্ড ডে' অনুষ্ঠান শুরু হল। নদিয়ার পাথরঘাটা-২ গ্রাম পঞ্চায়েতের বালিউড়া গ্রামে এক অনুষ্ঠানে রাজা পাট নিয়ে গান গেয়ে শোনান সারেগামাপা খ্যাত শিল্পী দীপায়ন ব্যানার্জি। ছবি: আজকাল